

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 27-09-2025**

**Time: 07.35-07.40 AM Hrs  
BENGALI MORNING BULLETIN**

---

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২৬তম পর্বা বেল ১১টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

\*\*\*\*\*

**CM-Offer :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যে রোগী ও চিকিৎসকের অনুপাতের ঘাটতি যথাসম্ভব কমানোর চেষ্টা করা হচ্ছে। আগামীদিনে আরও চিকিৎসক নিয়োগ করা হবে। গতকাল প্রজ্ঞাভবনে আয়োজিত এক অনুষ্ঠানে, চাকরিপ্রাপ্ত চিকিৎসক ও বিদ্যালয়ের গ্রন্থাগারিকদের মধ্যে নিয়োগপত্র বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে একথা বলেন তিনি। মুখ্যমন্ত্রী আরও বলেন, বর্তমান রাজ্য সরকার স্বচ্ছতার মাধ্যমে এখন পর্যন্ত ডাই ইন হারনেস সহ বিশ

হাজার ছত্রিশ জনকে সরকারি চাকরি প্রদান করেছে। গতকাল ২১৪ জন নতুন চিকিৎসক এবং ১৩ জন গ্রন্থাগারিকের হাতে নিয়োগপত্র তুলে দেন মুখ্যমন্ত্রী।

\*\*\*\*\*

### **DGP-Press Meet :**

রাজ্যে দুর্গোৎসব সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য আরক্ষা দপ্তরের পক্ষ থেকে ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। গতকাল আগরতলায় পুলিশ সদর দপ্তরে সাংবাদিক সম্মেলনে একথা জানিয়েছেন রাজ্য পুলিশের মহানির্দেশক অনুরাগ। তিনি জানান, এবছর রাজ্যে সার্বজনীন দুর্গা পূজার সংখ্যা ২ হাজার ১৬৫টি। গত বছর এই সংখ্যা ছিল ২ হাজার ৭৫০টি। পূজার সময় নিরাপত্তার জন্য অতিরিক্ত ৭ হাজার ৭৫০ জন নিরাপত্তা কর্মী মোতায়েন করা হবে। এরমধ্যে ৬ হাজার ৫৫০ জন টি.এস.আর জওয়ান। পূজার সময় ৪০০ জন মহিলা পুলিশ বিভিন্ন অঞ্চলে টহল দেবেন। তাছাড়া সাদা পোশাকে পুলিশও বিভিন্ন জায়গায় টহল দেবেন। মহানির্দেশক শ্রী অনুরাগ বলেন, এ বছর দুর্গা পূজায় সপ্তমী থেকে বিজয়া দশমী পর্যন্ত চারদিন বিকাল ৫টা থেকে রাত ১টা পর্যন্ত আগরতলা শহরে নো-এন্ট্রি থাকবে। আগরতলা রেলস্টেশনে কড়া নজরদারি থাকবে। তাছাড়া ভারত-বাংলাদেশ সীমান্তে বি.এস.এফ ও পুলিশের সঙ্গে পুলিশ যৌথ টহলদারির ব্যবস্থা করা হয়েছে। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন আইজি কৃষ্ণেন্দু চক্রবর্তী, পশ্চিম জেলার পুলিশ সুপার নমিত পাঠক প্রমুখ।

\*\*\*\*\*

### **Food Department :**

শারদোৎসব উপলক্ষ্যে রাজ্য সরকার এবছরও রাজ্যের ৯ লক্ষ ৯০ হাজার রেশনকার্ডধারী পরিবারের মধ্যে গণবন্টন ব্যবস্থার মাধ্যমে বিশেষ উৎসব বরাদ্দ হিসেবে সূজি, ময়দা ও চিনি বিনামূল্যে বিতরণ করার সিদ্ধান্ত নিয়েছে। খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তর থেকে এক প্রেস বিজ্ঞপ্তিতে এখবর জানানো হয়েছে। সমস্ত রেশনকার্ডধারী ভোক্তারা অক্টোবর মাসের মধ্যে কার্ড প্রতি ৫০০ গ্রাম সূজি, ২ কেজি ময়দা ও ১ কেজি চিনি বিনামূল্যে সংগ্রহ করতে পারবেন। এরজন্য রাজ্য সরকারের ব্যয় হবে প্রায় ৭ কোটি টাকা।

\*\*\*\*\*

### **Oath taking of Justice Palit :**

বিশ্বজিৎ পালিত ত্রিপুরা হাইকোর্টের স্থায়ী বিচারপতি হিসাবে গতকাল শপথ বাক্য পাঠ করেন। প্রধান বিচারপতি এম এস রামাচন্দ্র রাও গতকাল শ্রী পালিতকে শপথ বাক্য পাঠ করান। উল্লেখ্য, ২০২৩ সালের ২৬শে অক্টোবর ত্রিপুরাহাইকোর্টে অতিরিক্ত বিচারপতি হিসেবে শ্রী পালিত দায়িত্ব নিয়েছিলেন।

\*\*\*\*\*

### **PM, Bihar :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গতকাল নতুনদিল্লি থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বিহারের মুখ্যমন্ত্রী মহিলা রোজগার যোজনা চালু করেছেন। শ্রী মোদী বিহার জুড়ে ৭৫ লক্ষ মহিলার ব্যাঙ্ক অ্যাকাউন্টে ১০ হাজার টাকা করে স্থানান্তর করেছেন। এই প্রকল্পের লক্ষ্য হল স্ব-কর্মসংস্থান এবং জীবিকার সুযোগের

মাধ্যমে মহিলাদের ক্ষমতায়নকে উৎসাহিত করা। এই যোজনায় রাজ্যের প্রতিটি পরিবার থেকে একজন মহিলাকে আর্থিক সহায়তা প্রদান করা হবে।

\*\*\*\*\*

### **Amit Shah in West Bengal :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ গতকাল পশ্চিমবঙ্গে পরিবর্তনের ডাক দিয়েছেন। কলকাতার সন্তোষ মিত্র স্কোয়ারে একটি দুর্গাপূজা প্যান্ডেলে, যেখানে লেজার শোয়ের মাধ্যমে 'অপারেশন সিঁদুর' বিষয়টি ফুটিয়ে তোলা হয়েছে, সেখানে পূজো উদ্বোধন করে শ্রী শাহ পশ্চিমবঙ্গের জনগণকে এমন একটি নিরাপদ, শান্তিপূর্ণ এবং সমৃদ্ধ রাজ্য গড়ে তোলার আহ্বান জানিয়েছেন। রাজ্যের ভবিষ্যৎ নিয়ে কথা বলার সময় তিনি কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের কথা উল্লেখ করেন। তিনি সম্প্রতি কলকাতায় বৃষ্টিপাতজনিত দুর্ঘটনায় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে প্রাণ হারানো ব্যক্তিদের প্রতি সমবেদনা প্রকাশ করেন।

\*\*\*\*\*

### **Weather :**

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। রাজ্যের কোথাও কোথাও দু'এক পশলা হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*